



# পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরুজ্জামান

সভার তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০১৮

সময়: বিকাল ২.৩০ ঘটিকা


সভার স্থান: সভাকক্ষ ( কক্ষ নম্বর-৫৫১), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। উদ্ভাবনী সংশ্লিষ্ট সকল অগ্রগতি ও কর্মপরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১.	ইনোভেশন বিষয়ক অগ্রগতি আলোচনা।	গৃহীত ধারণা সমূহের মধ্যে প্রতিবন্ধী বান্ধব ভ্রাম্যমাণ প্রশিক্ষণের আওতায় দুইটি জেলা (যশোর ও বগুড়া)-তে প্রশিক্ষণ চলমান রয়েছে। BEFTN-এর মাধ্যমে পিকেএসএফ এর সহযোগী সংস্থা সফলভাবে ফান্ড ট্রান্সফার করার বিষয়টি উপস্থাপিত হয়। এছাড়া 'রিয়েল টাইম অনলাইন' প্রশিক্ষণের আওতায় প্রয়োজনীয় যন্ত্রাংশ স্থায়ীভাবে পিকেএসএফ ভবনের ১১ তলায় স্থাপন করা হয়েছে বলে সভায় জানান হয়। বিগত ২০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে ফাউন্ডেশনের মাননীয় উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ ইনোভেশন টিমের সাথে ১১ তলায় স্থাপিত যন্ত্রাংশ সমূহ সরেজমিনে পরিদর্শন করেন। এ-সময়ে মোবাইল এপ্লিকেশনের মাধ্যমে পিকেএসএফ-এর প্রশিক্ষণ কেন্দ্র থেকে ভবনের অভ্যন্তরের ভিন্ন ভিন্ন স্থান হতে ও যশোরের একটি সংস্থার সাথে প্ররীক্ষামূলক সম্প্রচার সম্পন্ন করা হয়। পিকেএসএফ থেকে এই প্রথম উন্নত প্রযুক্তির মাধ্যমে একাধিক স্থান থেকে একাধিক ব্যক্তির ভার্চুয়াল প্রশিক্ষণ গ্রহণ করার সফল পরীক্ষা সম্ভব হয়েছে বলে সভায় মত প্রকাশ করা হয়।
২.	উদ্ভাবনী ধারণাসমূহ আইডিয়া ব্যংকের ওয়েবসাইটে জমা রাখা প্রসঙ্গে আলোচনা।	বিগত মাসের আলোচনা সাপেক্ষে, উদ্ভাবনী ধারণাসমূহ আইডিয়া ব্যংকের ওয়েব সাইটে জমা রাখার বিষয়টি সভায় নিশ্চিত করা হয়।
৩.	æDocumentation and Dissemination of Innovation” কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে।	২৬-২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে এ-টুআই-এর আয়োজনে অনুষ্ঠিতব্য æDocumentation and Dissemination of Innovation” বিষয়ক কর্মশালা কৃষিবিক ইন্সটিটিউটে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ফাউন্ডেশন থেকে ৪ জন কর্মকর্তার অংশগ্রহণ নিশ্চিত করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে শেষ করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
ড. একে.এম নুরুজ্জামান  
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)

ও

ইনোভেশন অফিসার